
## 22.1 আয়ের চক্রাকার প্রবাহ (The Circular Flow of Income)

জাতীয় আয়ের হিসাবরক্ষণ দেশের মোট উৎপাদন ও আয়ের চক্রাকার প্রবাহের সূত্রের ওপর নির্ভরশীল। আরো এক ধাপ এগিয়ে বলা যেতে পারে যে আয়ের চক্রাকার প্রবাহ বা আয়ের বৃত্তস্রোত জাতীয় আয় হিসাবরক্ষণের মূল সূত্রটি ব্যাখ্যা করে : মোট উৎপন্নের আর্থিক মূল্য মোট আয়ের সমান।

আয়ের বৃত্তস্রোতের ধারণাটিতে দুটি সাধারণ নীতি জড়িত আছে। **প্রথমত,** প্রতিটি অর্থনৈতিক লেনদেনে বিক্রেতা বা উৎপাদন প্রতিষ্ঠানগুলি ঠিক ততটাই অর্থ উপার্জন করে, যতটা ক্রেতা বা ভোগী ব্যয় করে। **দ্বিতীয়ত,** দ্রব্য বা সেবাসামগ্রীর স্রোত একদিকে এবং অর্থের স্রোত বা প্রবাহ অন্যদিকে প্রবাহিত হয়।

22.1 রেখাচিত্রে আমরা এমন একটি সরল অর্থব্যবস্থাকে ব্যাখ্যা করেছি যেখানে সরকার অনুপস্থিত এবং যেখানে বৈদেশিক বাণিজ্যের অস্তিত্ব নেই। এ ধরনের সমষ্টিগত অর্থব্যবস্থার দুটি মূল উপাদান হল পরিবারগোষ্ঠী এবং ফার্ম বা উৎপাদন প্রতিষ্ঠানসমূহ। আমরা অনুমান করে নিচ্ছি যে আমাদের এই কল্পিত অর্থব্যবস্থায় দ্রব্য ও সেবাসামগ্রী উৎপাদিত হয় ফার্ম বা উৎপাদন প্রতিষ্ঠানগুলিতে এবং ওই উৎপাদিত দ্রব্য ক্রয় করে পরিবারবর্গ। অর্থাৎ, পরিবার হল ভোগের একক এবং ফার্ম হল উৎপাদনের একক। আবার, পরিবারগুলির উৎপাদনের উপকরণের জোগানদাতা এবং ফার্মগুলি উৎপাদনের উপকরণের ক্রেতা। সুতরাং, আমাদের এই সরলীকৃত অর্থব্যবস্থায় দু-ধরনের বাজারে দু-ধরনের লেনদেন ঘটে। একটি বাজার হল দ্রব্যের বাজার, যে বাজারে পরিবারগোষ্ঠী ক্রেতা এবং উৎপাদন সংস্থাগুলি বিক্রেতা হিসাবে কাজ করে। 22.1 চিত্রের ওপরের অংশে এই দ্রব্যের বাজার দেখানো হয়েছে। আর একটি বাজার হল উপকরণের বাজার, যেখানে পরিবারবর্গ উপকরণের জোগানদাতা এবং উৎপাদন প্রতিষ্ঠানগুলি উপকরণগুলির ক্রেতা হিসাবে কাজ করে।

চিত্রের নীচের অংশে উপকরণের বাজার দেখানো হয়েছে। প্রতিটি বাজারেই দুটি স্রোত প্রবাহিত হয়। দ্রব্যের বাজারে উৎপাদন প্রতিষ্ঠানগুলি চূড়ান্ত পর্যায়ের দ্রব্য ও সেবাসামগ্রীর জোগান পরিবারবর্গকে দিয়ে থাকে। চিত্রে এই প্রবাহটি দক্ষিণাভিমুখী (clockwise)। পরিবারবর্গ ওইসব দ্রব্যসামগ্রীর ক্রয়ের জন্য অর্থ ব্যয় করে। এইসব দ্রব্যসামগ্রীর আর্থিক মূল্যকেই জাতীয় উৎপন্ন (national product) বলে। এই প্রবাহটি চিত্রে বাঁদিক অভিমুখী। অপরদিকে, উপকরণের বাজারে




*চিত্র 22.1 : আয়ের বৃত্তস্রোত*

পরিবারবর্গ উৎপাদন প্রতিষ্ঠানগুলোতে জমি, শ্রম ইত্যাদি উপকরণগুলির সেবা বিক্রি করে বিনিময়ে খাজনা, মজুরি ইত্যাদি আয় উপার্জন করে। উপাদান সেবার প্রবাহটি চিত্রে নীচের দিক থেকে দক্ষিণাভিমুখী (clockwise) এবং উপাদান সেবার দামের প্রবাহটি নীচের দিক থেকে বাঁদিক অভিমুখী (counter clockwise)। উপাদান সেবার দামের যোগফলই হল জাতীয় আয় (national income)। এইভাবে উৎপাদন প্রতিষ্ঠান থেকে আয় পরিবারের দিকে এবং সেখান থেকে উৎপাদন প্রতিষ্ঠানের দিকে অর্থ ও পণ্যের প্রবাহ অবিরাম চলতে থাকে বলে একে আয়ের চক্রাকার প্রবাহ বলে। আয়ের বৃত্তস্রোত থেকে এটা স্পষ্ট হল যে জাতীয় উৎপন্ন = জাতীয় আয়।

## 22.2 জাতীয় আয়ের তিনটি দিক (Three Sides of National In

[1] জাতীয় আয় ও জাতীয়